

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
বিদ্যুৎ উইং, শাখা-১

নং- ২০.০৫.০০০০.৪৭৮.১৪.১৬০.১৪-৬০

তারিখঃ ২২ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ  
০৫ মে ২০১৬ খ্রিষ্টাব্দ


পিইসি সভার বিজ্ঞপ্তি

বিষয়ঃ “কম্প্রট্রাকশন অব ১১ কেভি সুইচিং স্টেশন এ্যাট বঙ্গভবন, গনভবন এন্ড প্রাইম মিনিষ্টার’স অফিস (১ম সংশোধন)”- শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি) কর্তৃক প্রস্তাবিত “কম্প্রট্রাকশন অব ১১ কেভি সুইচিং স্টেশন এ্যাট বঙ্গভবন, গনভবন এন্ড প্রাইম মিনিষ্টার’স অফিস (১ম সংশোধন)”- শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)র সভা আগামী ০৯/০৫/২০১৬ তারিখ সোমবার সকাল ১১-০০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (রক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র এবং প্রস্তাবিত ডিপিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

  
(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯১৮০৬৪৬

ই-মেইলঃ kzaman050870@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিরাজুন নূর চৌধুরী, উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।
- ৩। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সহকারী সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।  
(২০ জন কর্মকর্তার চা-নাস্তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
বিদ্যুৎ উইং

**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।**

১। প্রকল্পের নামঃ “কম্প্রাকশন অব ১১ কেভি সুইচিং স্টেশন এ্যাট বঙ্গভবন, গণভবন এন্ড প্রাইম মিনিষ্টার’স অফিস (১ম সংশোধন)”

২। উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাঃ

(ক) বিভাগ/মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি)।

৩। প্রকল্প এলাকাঃ

| বিভাগ | জেলা | উপজেলা/এলাকা                                 |
|-------|------|--|
| ঢাকা  | ঢাকা | বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়। |

৪। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ

(কোটি টাকায়)

|                                    | ডিপিডিসি | জিওবি<br>(বেঃ মুঃ) | মোট                          |
|------------------------------------|----------|--------------------|------------------------------|
| মূল ডিপিডি অনুযায়ী                | ০.২৯     | ২৪.৬০<br>(১৬.২৪)   | ২৪.৮৯                        |
| প্রস্তাবিত সংশোধিত ডিপিডি অনুযায়ী | ০.৩৯     | ৩০.৩৬<br>(১৭.৪৩)   | ৩০.৭৫                        |
| বৃদ্ধি(+)/ হ্রাস(-)                | (+) ০.১০ | (+) ৫.৭৬<br>(১.১৯) | (+) ৫.৮৬<br>(বৃদ্ধিঃ ২৩.৫৪%) |

৫। প্রকল্পের অর্থায়নঃ (ঋণ, অনুদান, ইকুইটি অন্যান্য):

(কোটি টাকায়)

| অর্থায়নের প্রকৃতি | জিওবি | ডিপিডিসির<br>নিজস্ব | প্রকল্প<br>সাহায্য | মোট   | প্রকল্প সাহায্যের<br>উৎস |
|--------------------|-------|---------------------|--------------------|-------|--------------------------|
| ১                  | ২     | ৩                   | ৪                  | ৫     | ৬                        |
| (ক) ঋণ (৪০%)       | ১২.১৪ | -                   | -                  | ১২.১৪ |                          |
| (খ) অনুদান         | -     | -                   | -                  | -     |                          |
| (গ) ইকুইটি (৬০%)   | ১৮.২২ | -                   | -                  | ১৮.২২ |                          |
| (ঘ) অন্যান্য       | -     | ০.৩৯                | -                  | ০.৩৯  |                          |
| মোট                | ৩০.৩৬ | ০.৩৯                | -                  | ৩০.৭৫ |                          |

৬। প্রকল্পের বাস্তবায়নকালঃ

|   | আরম্ভ      | সমাপ্তি    |
|---|------------|------------|
| অনুমোদিত ডিপিডি অনুযায়ী                    | ০১/০৭/২০১৪ | ৩০/০৬/২০১৫ |
| ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | ০১/০৭/২০১৪ | ৩১/১২/২০১৫ |
| প্রস্তাবিত সংশোধিত ডিপিডি অনুযায়ী          | ০১/০৭/২০১৪ | ৩০/০৬/২০১৮ |

৭। এডিপি/আরএডিপি অন্তর্ভুক্তিঃ ২০১৫-২০১৬ অর্থ বছরের আরএডিপি’তে প্রকল্পটি মোট ১ (এক) লক্ষ টাকা (জিওবি) বরাদ্দসহ অন্তর্ভুক্ত আছে (আরএডিপি পৃঃ ১৯৮, ক্রমিক নং ৬৮)।

## ৮। প্রকল্পের উদ্দেশ্যঃ

আলোচ্য প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছেঃ

- ১১ কেভি সুইচিং স্টেশন নির্মাণের মাধ্যমে বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করণ;
- নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ ও সিস্টেম ভোল্টেজ এর মানোন্নয়ন।

## ৯। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের (ডিপিডিসি) বিদ্যুৎ বিতরণ কার্যক্রমের ভৌগলিক এলাকার অধীন বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয় সর্বাধিক গুরুত্বপূর্ণ 'কি পয়েন্ট ইনস্টলেশন (কেপিআই)। উক্ত কেপিআইসমূহে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সংশ্লিষ্ট সুইচিং স্টেশনসমূহের বৈদ্যুতিক যন্ত্রপাতি সার্বক্ষণিক সংরক্ষণ এবং কার্যকরী রাখতে হয়। এছাড়া নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে এক্সপ্রেস লাইন, বিশেষ লাইন ও ফিডার লাইনের প্রয়োজন হয়। বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে Ring Main Unit (RMU) ও একাধিক এক্সপ্রেস ফিডারের (source) মাধ্যমে বিদ্যুৎ বিতরণ করা হয়ে থাকে। কিন্তু RMU সমূহ অনেক পুরাতন হওয়ায় প্রায় ক্ষেত্রেই বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে বুকির সম্মুখীন হতে হয় এবং বিদ্যমান RMU সিস্টেমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ বিতরণে বিঘ্ন ঘটান সম্ভাবনা থাকে। বিদ্যমান পদ্ধতিতে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে Low Voltage একটি সমস্যা, যার কারণে বৈদ্যুতিক যন্ত্রপাতির ক্ষতি সাধিত হয়।

বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মতো সর্বাধিক গুরুত্বপূর্ণ কেপিআই সমূহে উল্লেখিত সমস্যা থেকে পরিত্রাণ এবং সঠিক Voltage লেভেলে আরো নির্ভরযোগ্য বিদ্যুৎ পেতে 11 kV Switchgear with Automatic Changeover Switch এবং 11 kV Automatic Voltage Regulator (AVR) ও আনুসঙ্গিক যন্ত্রপাতি স্থাপন করার লক্ষ্যে "Construction of 11 kV Switching Station at Bangabhaban, Ganabhaban & Prime Minister's office."-শীর্ষক প্রকল্পটি মোট ২৪.৮৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ২৪.৬০ কোটি এবং প্রকল্প সাহায্য ২৪.৮৯ কোটি) ব্যয়ে গত ০৯/১০/২০১৪ তারিখের মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বিদ্যুৎ বিভাগ কর্তৃক ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। বর্তমানে বিদ্যুৎ বিভাগ প্রকল্পটি সংশোধনের নিমিত্ত আলোচ্য প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করেছে।

## ১০। প্রস্তাবিত প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম নিম্নরূপঃ

বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিটিতে ১টি করে মোট ৩টি ১১ কেভি সুইচিং স্টেশন স্থাপন।

## ১২। প্রকল্প সংশোধনের কারণঃ

প্রকল্পটির কাজ বাস্তবায়নের জন্য পর পর দুই বার দরপত্র আহ্বান করা হয়। ১ম বার দরদাতাগণ দাখিলকৃত প্রাক্কলিত মূল্যের চেয়ে ২৭.৬৮% বেশী হওয়ায় পুনঃদরপত্র আহ্বান করা হয় এবং ২য় বার দরদাতাগণ কারিগরিভাবে নন-রেসপনসিভ হয়। ফলে ডিপিডিসি বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক পুনরায় বিড ডকুমেন্টের প্রয়োজনীয় সংশোধন এবং বর্তমান বাজার দর অনুযায়ী ব্যয় প্রাক্কলন নির্ধারণ করায় প্রকল্পের ডিপিপি ১ম সংশোধনের প্রস্তাব করা হয়েছে। প্রকল্প ছক সংশোধনের সুনির্দিষ্ট কারণসমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

- ১) প্রকল্পের আওতায় প্রধান বৈদ্যুতিক মালামাল যেমন- 11kV Switchgear এবং Auto Changeover ইউরোপ/আমেরিকার তৈরী হওয়ায় মূল ডিপিপিতে প্রাক্কলিত মূল্যের তুলনায় মালামালের দাম বৃদ্ধি পেয়েছে।
- ২) একাধিকবার টেন্ডার/রি-টেন্ডার হওয়ার কারণে মূল DPP-তে নির্ধারিত সময় বৃদ্ধি পাওয়ায় সংশোধিত DPP-তে সময় বৃদ্ধি চাওয়া হয়েছে।
- ৩) Tender document এবং Evaluated Lowest Bidder Price এর সাথে সমন্বয়পূর্বক বৈদ্যুতিক মালামালের মধ্যে কিছু বৈদ্যুতিক Item RDPP-তে পূর্ণবিন্যাস ও সংযোজন করা হয়েছে।

৫) Indirect Cost যেমনঃ- IDC, Physical & Price Contingency যাহা উপরে বর্ণিত খরচের সাথে সরাসরি সম্পর্কযুক্ত এবং পরিবর্তনশীল।

#### ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারী, ২০১৬ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি শূন্য।

১১। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনঃ বিবেচ্য প্রকল্পের অনুমোদিত এবং প্রস্তাবিত সংশোধিত ডিপিপি'র অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনের তুলনামূলক চিত্র সংযোজনী 'ক'-তে সন্নিবেশিত করা হয়েছে।

#### ১৫। পরিকল্পনা কমিশনের মতামতঃ

১৫.১ প্রকল্পের পুনঃনির্ধারিত মেয়াদ ডিসেম্বর, ২০১৫-তে শেষ হয়ে গেছে। মেয়াদ শেষ হওয়ার চার মাসেরও অধিক সময় পর প্রকল্প সংশোধনের প্রস্তাব প্রেরণের কারণ বিদ্যুৎ বিভাগ সভায় জানাতে পারে।

১৫.২ ডিপিপি সংশোধনের কারণ হিসেবে Tender document এবং Evaluated Lowest Bidder Price এর সাথে সমন্বয়পূর্বক বৈদ্যুতিক মালামালের মধ্যে কিছু বৈদ্যুতিক Item RDPP-তে পূর্ণবিন্যাস ও সংযোজন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। কি কি আইটেম পুনর্বিন্যাস ও সংযোজন করা হয়েছে তা বিদ্যুৎ বিভাগ সভায় জানাতে পারে।


১৫.৩ আরডিপিপিতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩০.৭৫ কোটি টাকার মধ্যে ডিপিডিসি'র অবদান মাত্র ০.৩৯ কোটি টাকা অর্থাৎ মোট ব্যয়ের ১.২৭%। আলোচ্য প্রকল্পে ডিপিডিসি'র নিজস্ব অর্থায়নের পরিমাণ বাড়ানো যায় কি না তা সভায় আলোচনা করা যেতে পারে।

১৫.৪ আরডিপিপি'তে প্রকল্পের অনুকূলে গাড়ী ভাড়া বাবদ ১৯.২০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। যা মূল ডিপিপি'তে ছিলনা। গাড়ী ভাড়া নেয়ার যৌক্তিকতা সম্পর্কে বিদ্যুৎ বিভাগের মতামত সভায় জানা যেতে পারে।

১৫.৫ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের অন্যান্য প্রকল্পের অনুরূপ প্রস্তাবিত প্রকল্পে একটি Project Steering Committee (PSC) এবং একটি Project Implementation Committee (PIC) এর গঠন ও কর্মপরিধি পুনর্গঠিত ডিপিপি'তে সংযুক্ত করা যেতে পারে।

১৫.৬ প্রকল্পের আওতায় প্রধান প্রধান যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে যন্ত্রপাতির Country of origin হিসেবে লেখা PPR এর আলোকে যুক্তিযুক্ত কি না তা সভায় আলোচনা করা যেতে পারে।

১৫.৭ আরডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় কিছু মুদ্রণজনিত ত্রুটি আছে যা সংশোধন করা প্রয়োজন।

  
(মোঃ খালিলুর রহমান খান)  
যুগ্ম-প্রধান  
পরিকল্পনা কমিশন

প্রকল্পের তুলনামূলক অংশভিত্তিক ব্যয় বিভাজন (আরডিপিপি পৃষ্ঠা ৫)

| ক্রমিক<br>নং        | ব্যয় খাত                                       | প্রাকল্পিত ব্যয় (লক্ষ টাকায়) |          |         |         |                                    |          |         |         |                                 |          |         |         |
|---------------------|---|--------------------------------|----------|---------|---------|------------------------------------|----------|---------|---------|---------------------------------|----------|---------|---------|
|                     |   | মূল ডিপিপি অনুযায়ী            |          |         |         | প্রস্তাবিত সংশোধিত ডিপিপি অনুযায়ী |          |         |         | পার্থক্য (সংশোধিত - মূল ডিপিপি) |          |         |         |
|                     |   | পরিমাণ                         | ডিপিডিসি | জিওবি   | মোট     | পরিমাণ                             | ডিপিডিসি | জিওবি   | মোট     | পরিমাণ                          | ডিপিডিসি | জিওবি   | মোট     |
| ১                   | কর্মকর্তাদের বেতন                               | -                              | ০.০০     | ০.০০    | ০.০০    | -                                  | ০.০০     | ০.০০    | ০.০০    | -                               | ০.০০     | ০.০০    | ০.০০    |
| ২                   | কর্মচারীদের বেতন                                | -                              | ০.০০     | ০.০০    | ০.০০    | -                                  | ০.০০     | ০.০০    | ০.০০    | -                               | ০.০০     | ০.০০    | ০.০০    |
| ৩                   | ভাতাদি  | -                              | ০.০০     | ০.০০    | ০.০০    | -                                  | ০.০০     | ০.০০    | ০.০০    | -                               | ০.০০     | ০.০০    | ০.০০    |
| ৫                   | সরবরাহ ও সেবা                                   | -                              | ০.০০     | ০.০০    | ০.০০    | -                                  | ০.০০     | ৫১.২০   | ৫১.২০   | -                               | ০.০০     | ৫১.২০   | ৫১.২০   |
|                     | মোট রাজস্ব ব্যয়                                |                                | ০.০০     | ০.০০    | ০.০০    | -                                  | ০.০০     | ৫১.২০   | ৫১.২০   | -                               | ০.০০     | ৫১.২০   | ৫১.২০   |
| <b>মূলধন ব্যয়:</b> |   |                                |          |         |         |                                    |          |         |         |                                 |          |         |         |
| ৬                   | অফিস ফার্নিচার ও ইকুইপমেন্ট                     | -                              | ০.০০     | ২.০০    | ২.০০    | -                                  | ০.০০     | ৭.০০    | ৭.০০    | -                               | ০.০০     | ৫.০০    | ৫.০০    |
| ৭                   | যন্ত্রপাতি ও ইকুইপমেন্ট                         | -                              | ০.০০     | ১৬২৩.৮২ | ১৬২৩.৮২ | -                                  | ০.০০     | ১৮৪২.৭৫ | ১৮৪২.৭৫ | -                               | ০.০০     | ২১৮.৯৩  | ২১৮.৯৩  |
| ৮                   | নন-রেসিডেন্সিয়াল/ফাংশনাল ভবন                   | -                              | ০.০০     | ৯২.৬৮   | ৯২.৬৮   | -                                  | ০.০০     | ৮৯.৬৮   | ৮৯.৬৮   | -                               | ০.০০     | -৩.০৮   | -৩.০৮   |
| ৯                   | ইনস্টলেশন কস্ট                                  | -                              | ০.০০     | ১২৯.৯১  | ১২৯.৯১  | -                                  | ০.০০     | ১৫.০০   | ১৫.০০   | -                               | ০.০০     | -১১৪.৯১ | -১১৪.৯১ |
| ১০                  | সিডিভাট এবং অন্যান্য চার্জ (৩২% যন্ত্রপাতি খরচ) | -                              | ০.০০     | ৫১৯.৬২  | ৫১৯.৬২  | -                                  | ০.০০     | ৯৪১.০০  | ৯৪১.০০  | -                               | ০.০০     | ৪২১.৩৮  | ৪২১.৩৮  |
| ১১                  | আম্বর (৯.৫% উপাদানের খরচ)                       | -                              | ০.০০     | ২১.১৫   | ২১.১৫   | -                                  | ০.০০     | ১০.৯৯   | ১০.৯৯   | -                               | ০.০০     | -১০.১৬  | -১০.১৬  |
| ১২                  | বিবিধ   | -                              | ০.০০     | ১৫.০০   | ১৫.০০   | -                                  | ০.০০     | ০.০০    | ০.০০    | -                               | ০.০০     | -১৫.০০  | -১৫.০০  |
| ১৩                  | ইন্টারনেট ডিউরিং কন্সট্রাকশন (আইডিসি)           | -                              | ২৯.০৭    | ০.০০    | ২৯.০৭   | -                                  | ৩৯.৫৫    | ০.০০    | ৩৯.৫৫   | -                               | ১০.৪৮    | ০.০০    | ১০.৪৮   |
|                     | মোট মূলধন ব্যয়:                                | -                              | ২৯.০৭    | ২৪০৪.১৮ | ২৪৩৩.২৫ | -                                  | ৩৯.৫৫    | ২৯০৬.৩৮ | ২৯৪৫.৯৩ | -                               | ১০.৪৮    | ৫০২.২০  | ৫১২.৬৮  |
| ক)                  | প্রাইস কন্ট্রোল                                 | -                              | ০.০০     | ৩৬.৯৭   | ৩৬.৯৭   | -                                  | ০.০০     | ৩৯.০৯   | ৩৯.০৯   | -                               | ০.০০     | ২.১২    | ২.১২    |
| খ)                  | ফিজিক্যাল কন্ট্রোল                              | -                              | ০.০০     | ১৮.৪৮   | ১৮.৪৮   | -                                  | ০.০০     | ৩৯.০৯   | ৩৯.০৯   | -                               | ০.০০     | ২০.৬১   | ২০.৬১   |
|                     | সর্বমোট ব্যয় (ক+খ+গ+ঘ)                         | -                              | ২৯.০৭    | ২৪৫৯.৬৩ | ২৪৮৮.৭০ | -                                  | ৩৯.৫৫    | ৩০৩৫.৭৬ | ৩০৭৫.৩১ | -                               | ১০.৪৮    | ৫৭৬.১৩  | ৫৮৬.৬১  |